





# WEST BENGAL STUDENT CREDIT CARD

# স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প

- সর্বোচ্চ ১০ লক্ষ টাকা অবধি ঋণ পাওয়া যাবে। আবেদনকারীকে ভারতবর্ষের নাগরিক হতে হবে এবং তাকে অন্তত ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাস করতে হবে।
- ঋণ পরিশোধ করতে বার্ষিক ৪% (4%) সরল হারে সুদ দিতে হবে। ভর্তুকি হিসাবে রাজ্য সরকার ঋণদাতা ব্যাঙ্কগুলিকে ৪.৩% (4.3%) সুদ দেবে।
- সংশ্লিষ্ট ছাত্র/ ছাত্রীর বাবা-মা/ আইনি অভিভাবককে কো-বরোয়ার হিসেবে ঋণ পরিশোধের দায়িত্ব নিতে হবে।
- ৪ লক্ষ টাকার বেশি ঋণ নিতে হলে ঋণের ৫% 'মার্জিন মানি' হিসাবে সংশ্লিষ্ট ছাত্র/ ছাত্রীকে দিতে হবে।
- ঋণগ্রহীতা ছাত্র/ ছাত্রীকে ঋণ অঙ্কের সমপরিমাণ জীবন-বিমা কিনতে হবে।
- পাঠ্যক্রম শেষ হওয়া অথবা ছাত্রছাত্রীদের চাকরিতে যোগদানের পর থেকে এক বছর ঋণ পরিশোধ স্থগিত রাখা যাবে।

**State Help Line: Toll Free Number- 1800-102-8014,Email id: contactwbscc@gmail.com/wbscc@bangla.gov.in**

# কীভাবে রেজিস্ট্রেশন করবে?

**রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরুর আগে তৈরি রাখতে হবে নিম্নলিখিত বিষয়গুলি-**

১। পড়ুয়ার কালার ফটোগ্রাফ

২। কো-বরোয়ারের ছবি

৩। কো-বরোয়ার ও পড়ুয়ার সই-য়ের ছবি

৪। আধার কার্ড বা তা না থাকলে পড়ুয়ার মাধ্যমিক বোর্ড রেজিস্ট্রেশন সার্টিফিকেট

৫। অভিভাবকের এড্রেস প্রুফ

৬। স্কুল,কলেজ,মাদ্রাসা,বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছেন সেখানকার অ্যাডমিশন রিসিপ্ট

৭। পড়ুয়া ও অভিভাবকের প্যান কার্ড অথবা না থাকলে নেই বলে একটি শর্তসাপেক্ষ আবেদন

৮। যে প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন তার ডিটেলস কোর্স ফি, টিউশন ফি যে অংশে লেখা আছে তার ছবি (এই ছবিগুলির নির্দিষ্ট ফরম্যাট ও সাইজ আছে)

**State Help Line: Toll Free Number- 1800-102-8014,Email id: contactwbscc@gmail.com/wbscc@bangla.gov.in**

৯। মোবাইল নম্বর ও ইমেইল আইডি থাকতে হবে

১০। এইভাবে রেজিস্ট্রেশন শেষে মোবাইলে একটি ইউনিক আইডি এসএমএসে আসবে । এই ইউনিক আইডিটি আগামী দিনে ইউজার আইডি হিসেবে গণ্য হবে।

১১। এরপর স্টুডেন্ট ক্রেডিট কার্ডের লগ-ইন আইডি পড়ুয়ারা পেয়ে যাবেন এবং যখন দরকার সেই মতো পোর্টালে ঢুকে রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড এবং ক্যাপচা ফিল আপ করে নিজের অ্যাকাউন্টে ঢুকতে পারবেন । যেখানে নিজের ছবি সহ অন্য সব তথ্য ঠিক আছে কিনা দেখে নিতে হবে । অন-লাইন রেজিস্ট্রেশন: www.wb.gov.in or https://banglaruchchashiksha.wb.gov.in

১২। লোনের জন্য আবেদন করার ফর্ম নিজের একাউন্টে পাওয়া যাবে। সেখানে ক্লিক করলে ফর্মটি খুলবে। প্রয়োজনীয় তথ্য এবং নথি আপলোড করে ঋণের জন্য আবেদন করতে হবে ।

১৩। এই প্রক্রিয়া শেষে আপলোড করা নথিপত্র যাচাই করবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান। তা পাঠিয়ে দেওয়া হবে শিক্ষা দপ্তরে। শিক্ষাদপ্তর আরো একদফা যাচাই করে পাঠিয়ে দেবে ব্যাঙ্কে। সবশেষে ব্যাঙ্ক নথি যাচাই করে ঋণের টাকা দেবে।

# কোন কোন ক্ষেত্রে এই কার্ড ব্যবহার

স্কুল, মাদ্রাসা, কলেজ, বিশ্ববিদ্যালয় বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিযোগিতামূলক পরীক্ষার (ইঞ্জিনিয়ারিং মেডিকেল, আইএএস , আইপিএস, ডব্লিউবিসিএস , ব্যাঙ্কিং , রেলওয়ে , এসএসসি প্রভৃতি) কোচিং সেন্টারের ফি ।

❖ হোস্টেল ও পেয়িং গেস্টের খরচ।

শিক্ষামূলক ভ্রমণ, প্রজেক্ট, থিসিস ও কোর্স শেষ করতে অন্য প্রয়োজনীয় খরচ।

শিক্ষাপ্রতিষ্ঠানে দেওয়ার রসিদ সাপেক্ষে কশান মানি,অন্য ফেরত যোগ্য জামানত, বিল্ডিং ফান্ড, পরীক্ষা, লাইব্রেরি, ল্যাবরেটরির খরচ, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাবলেট,অন্যান্য সরঞ্জাম কেনার টাকা।

# কোথায় কত খরচ

❖ মোট অনুমোদিত ঋণের সর্বাধিক কুড়ি শতাংশ অর্থ হোস্টেল বা পেইং গেস্ট থাকার খরচ ( living expenses ) হিসাবে ব্যবহার করা যাবে।

❖ সম্পূর্ণ কোর্স শেষ হওয়া অবধি মোট অনুমোদিত ঋণের (সর্বোচ্চ 10 লক্ষ টাকা) সর্বাধিক 30% টাকা প্রতিষ্ঠান বহির্ভূত খরচ ( non-institutional expenses ) অর্থাৎ ল্যাপটপ, কম্পিউটার কেনা, প্রজেক্ট, থিসিসে ব্যবহার করা যাবে।

❖ প্রাতিষ্ঠানিক খরচ ( institutional expenses ) মেটানোর টাকা সরাসরি স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টে যাবে।

# কী কী প্রমাণ আবশ্যিক

- ❖ যেখানে পড়াশোনার জন্য ভর্তি হয়েছেন সেখানকার ভর্তির কাগজ, আইডি কার্ড, ফি স্ট্রাকচারের কাগজ ।
- ❖ কোচিং সেন্টার ভারত বা সংশ্লিষ্ট দেশের সরকার দ্বারা বিধিবদ্ধ হতে হবে।
- ❖ পছন্দের শিক্ষকের প্রাইভেট কোচিং সেন্টারে ভর্তি হলে টাকা পাওয়া যাবে না ।
- ❖ যে যে খাতে খরচ হলো তার রসিদ, প্রামাণ্য যাবতীয় কাগজপত্র জমা করতে হবে ।
- ❖ যে যেখানে পড়াশোনা করছেন সেখানকার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, মার্কশিট, সেমিস্টারের রেজাল্ট নির্দিষ্ট সময়ের পর দেখাতে হবে। তবে ঋণ পাওয়ার জন্য পরীক্ষার নম্বর বিবেচ্য নয় ।
- ❖ ব্যাঙ্ক কোনরকম মর্টগেজ, মুচলেখা, কশান মানি চাইবে না। রাজ্য সরকার গ্যারেন্টার থাকবে।

**State Help Line: Toll Free Number- 1800-102-8014,Email id: contactwbscc@gmail.com/wbscc@bangla.gov.in**



# Email Id : sccggdcsingur@gmail.com

সংশ্লিষ্ট আবেদনকারীকে তার যাবতীয় তথ্য (স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পের অন-লাইন রেজিস্ট্রেশন নং, ব্যাঙ্ক ডিটেলস্- পাস বুকের প্রত্যয়িত নকল, কলেজে ভর্তির রসিদের কপি, আধার কার্ডের কপি ইত্যাদি) এই মেইল আইডিতে পি.ডি.এফ ফাইলে স্ক্যান করে পাঠাতে হবে।

सत्यमेव जयते

**Prepared by**

# Government General Dergee College, Singur


**Jalaghata,Singur,Hooghly**



**State Help Line: Toll Free Number- 1800-102-8014,Email id: contactwbscc@gmail.com/wbscc@bangla.gov.in**

# ছাত্রছাত্রীরা আমাদের গর্ব

## প্রতিশ্রুতিমতো ১০ লক্ষ টাকার ‘স্টুডেন্ট ক্রেডিট কার্ড’



At the initiative of

# Mamata Banerjee

Hon'ble Chief Minister, West Bengal

## ‘Student Credit Card’ scheme is launched for a brighter future in Education Sector




## Loan up to Rs. 10 lakh @ 4% simple interest rate annually



To get your card - **Register FAST!**

**Contact your Educational Institution NOW!**

Portal Opens on **1 July 2021**

To know more, visit **www.wb.gov.in** or **https://banglaruchchashiksha.wb.gov.in** and click on the tab **STUDENT CREDIT CARD** or visit **https://wbscc.wb.gov.in**

For any assistance, please call Toll-Free Number **18001028014** or Mail to **support-wbscc@bangla.gov.in**

**Higher Education Department, Government of West Bengal**